

নমুনা প্রশ্নপত্র

দশম শ্রেণী : বাংলা : প্রি-বোর্ড / বোর্ড ফাইনাল পরীক্ষা : ২০২২-২৩ : নম্বর - ৮০

I. সঠিক উত্তরটি লেখো :-

1x10

- ১। 'অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনি' কবিতাটি যে কাব্যের অন্তর্গত –
(অ) মনসামঞ্জল (আ) চন্দ্রীমঞ্জল
(ই) ধর্মমঞ্জল (ঈ) অন্নদামঞ্জল
- ২। কবির গান শুনে তরুণ তরুণী যে ফুল তুলল –
(অ) গোলাপ (আ) বকুল
(ই) অশোক (ঈ) চাঁপা
- ৩। কথার অন্ত থাকে না দিনের যে সময়ে –
(অ) প্রভাতে (আ) দিবসে
(ই) সন্ধ্যায় (ঈ) রাতে
- ৪। 'নির্জন হাটে রাত্রি নামিল একক ——— ডাকে।' শূন্যস্থানটিতে হবে –
(অ) কাকের (আ) বকের
(ই) চিলের (ঈ) প্যাঁচার
- ৫। 'সামান্যই প্রার্থনা' কবিতার কবির নাম হলো –
(অ) রবীন্দ্রনাথ ঠাকুর (আ) ভারতচন্দ্র রায়
(ই) জীবনানন্দ দাশ (ঈ) বিজনকৃষ্ণ চৌধুরী
- ৬। 'আমি দেশ পর্যটনে গমন করিব'। — কথাটি বলেছেন যিনি –
(অ) রাজসিংহ (আ) সংগ্রাম সিংহ
(ই) অনন্ত মিশ্র (ঈ) বিক্রম সিংহ
- ৭। অনন্ত মিশ্র ছিলেন চঞ্চলকুমারীর –
(অ) পিতামহ (আ) পিতৃকুল পুরোহিত
(ই) সেনাপতি (ঈ) মন্ত্রী
- ৮। নতুনদা যে পাড়ার ছেলে –
(অ) উত্তরপাড়ার (আ) পালপাড়ার
(ই) দর্জিপাড়ার (ঈ) জেলেপাড়ার
- ৯। খিদে পাওয়ায় নতুনদা যা খেতে চেয়েছিলেন –
(অ) ভাত (আ) বিস্কুট
(ই) চিড়ে (ঈ) মুড়ি
- ১০। আফ্রিকায় যে গাছ দেখে শংকরের আশ মেটেনা –
(অ) মেহগিনি (আ) বাওবাব
(ই) মারুলা (ঈ) পাম

II. নীচের প্রশ্নগুলি এক একটি শব্দ/পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-

1x20

- ১১। ঈশ্বরী পাটনি দেবী অন্নপূর্ণাকে কোথায় পা রাখতে বলেছিল ?
- ১২। ঈশ্বরী পাটনি কোন্ নদীতে খেয়া পারাপার করে ?
- ১৩। কবি একা বসে কী গান গাইলেন ?
- ১৪। কোন্ বাদ্যযন্ত্রে কবি তার বাঁধলেন ?

[Contd...P/2]

- ১৫। হাটে বিদ্রুপ বাঁশি কে বাজায় ?
- ১৬। ওপারের লোক পসরা নামালে কারা ছুটে আসে ?
- ১৭। ‘গজদন্ত মিনার’ কথাটির অর্থ কী ?
- ১৮। কবি আঙিনায় কী চেয়েছেন ?
- ১৯। চঞ্চলকুমারী কোন্ রাজ্যের রাজকুমারী ছিলেন ?
- ২০। দস্যুদের মধ্যে কে লেখাপড়া জানত ?
- ২১। অনন্ত মিশ্র কাকে আশীর্বাদ করতে গিয়েছিলেন ?
- ২২। থিয়েটারে নতুনদার কী বাজাবার কথা ছিল ?
- ২৩। চাঁদের আলোয় কাকে দেখে শ্রীকান্ত ভয় পেয়েছিল ?
- ২৪। নতুনদা ইন্দ্রনাথের কে হয় ?
- ২৫। তিব্বুমল কোন্ ভাষায় পারদর্শী ছিল ?
- ২৬। ‘সিন্ধা সিন্ধা’ বলে কারা চিৎকার করে ওঠল ?
- ২৭। প্রতাপ সুভাকে আদর করে কী নামে ডাকত ?
- ২৮। সুভার পালিত গাভি দুটোর নাম কী ছিল ?
- ২৯। প্রতাপের প্রধান শখ কী ছিল ?
- ৩০। সুভার বর কোথায় কাজ করে ?

III. নীচের প্রশ্নগুলির উত্তর দাও (১২০টি শব্দের মধ্যে) :-

5x2

- ৩১। “আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে।”
— উদ্ভূত অংশটি কোন্ কবিতার অন্তর্গত ? কে, কার কাছে এই প্রার্থনা করেছে ? উক্তিটির মধ্য দিয়ে বস্তুর কী মনোভাব প্রকাশিত হয়েছে ?

অথবা

“দিবসরাত্রি নূতন যাত্রী, নিত্য নাটের খেলা।”

— উদ্ভূত অংশটি কোন্ কবির রচিত ? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে ? ‘নিত্য নাটের খেলা’ - কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও।

- ৩২। “কাগজে আর কী হইবে – উহা পোড়াইয়া ফেল।”
— উক্তিটি কোন্ রচনার অংশ ? কে, কাকে একথা বলেছে ? এরূপ উক্তির কারণ কী ?

অথবা

“কিন্তু ওদের বিশ্বাস নেই।”

— কে, কাকে একথা বলেছেন ? ‘ওদের’ বলতে এখানে কাদের বোঝানো হয়েছে ? বস্তুর একথা বলার কারণ কী ?

- ৩৩। “সুভার যে গুটিকতক অন্তরঙ্গ বন্ধুর দল ছিল না, তাহা নহে।”
— সুভার গুটিকতক অন্তরঙ্গ বন্ধুর নাম লেখো। সুভার সঙ্গে তাদের ভাবের আদান প্রদান কীভাবে চলত তা বর্ণনা করো।

4

- ৩৪। সন্ধি বিচ্ছেদ করো :-

1x6

জ্যোৎস্নালোকে, আশীর্বাদ, পর্যন্ত, সর্বাঙ্গ, অসজ্জন, ইতস্তত।

অথবা

বাক্য পরিবর্তন করো :-

1x6

- (ক) মিশ্রঠাকুর চলিয়া গেলেন, কিন্তু গৃহে গেলেন না। (সরল বাক্যে)
 (খ) কাজ শেষ হয়ে যেতেই সে তাঁবু থেকে রোজ বেরিয়ে পড়ত। (যৌগিক বাক্যে)
 (গ) আমি না এলে ফিরে গিয়ে বাড়িতে খবর দিস। (জটিল বাক্যে)
 (ঘ) আমি তোমাদেরই লোক। (প্রশ্নবোধক বাক্যে)
 (ঙ) সম্মুখ সেথা জ্বলে না প্রদীপ। (অসম্মুখক বাক্যে)
 (চ) আমি নিরুৎসাহ হইয়া পড়িলাম। (নাসম্মুখক বাক্যে)

IV. নির্দেশ অনুযায়ী নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

- ৩৫। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো :- 1x4
 রাজপথ, ভাই-ফোঁটা, শতাব্দী, দুর্ভিক্ষ।
- ৩৬। নীচের শব্দগুলির উৎস নির্দেশ করো :- 1x4
 চন্দ্র, হাত, ছিরি, অফিস।
- ৩৭। শুদ্ধ বানান বেছে নিয়ে লেখো :- 1x4
 (অ) ব্যকরণ / ব্যাকরণ / ব্যাকারণ
 (আ) গীতাঞ্জলি / গিতাঞ্জলী / গীতাঞ্জলী
 (ই) মুহূর্ত / মুহূর্ত / মুহূর্ত
 (ঈ) সরস্বতী / স্বরস্বতী / স্বরসতী
- ৩৮। অর্থের পার্থক্য দেখাও :- 1x4
 দিন } চির } কুজন } পানি }
 দীন } চীর } কুজন } পাণি }
- ৩৯। একটি করে উদাহরণ দাও :- 1x3
 নিত্যসমাস, দেশি শব্দ, বিস্ময়সূচক বাক্য।

V. উত্তর দাও :-

- ৪০। স্বরচিত বাক্যে প্রয়োগ করো :- 1x3
 গভীর জলের মাছ, তীর্থক কাক, শাঁখের করাত।
- ৪১। নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য বৃদ্ধিতে জনজীবনে যে সমস্যা সৃষ্টি হয়েছে এ বিষয়ে স্থানীয় সংবাদপত্র সম্পাদকের নিকট একটি পত্র লেখো। 4
- ৪২। তোমাদের বিদ্যালয়ে রবীন্দ্র জন্মজয়ন্তী উৎসব পালনের জন্য অনুষ্ঠিত সভার একটি কার্যবিবরণী প্রস্তুত করো। 4

অথবা

ভাবসম্প্রসারণ করো :-

4

অন্যায় যে করে আর অন্যায় যে সহে

তব ঘৃণা তাতে যেন তৃণসম দহে।